গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার
আইইবি ভবন (১২ তলা), রমনা, ঢাকা
sknpl.portal.gov.bd

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ৮৭ তারিখ : ০২/০৮/২০২২ খ্রিঃ।

বিষয়: **১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।**

১৫ আগস্ট জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক দেশব্যাপী রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে (বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)।

জাতীয় শোক দিবসের তাৎপর্য ও গুরুত্ব বিবেচনায় এনে আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্য: রচনা প্রতিযোগিতার ক্ষেত্রে বিজ্ঞপ্তি মোতবেক ঠিকানা ও তারিখে জমা দিতে হবে।
চিত্রাংকনের ক্ষেত্রে ১৩.০৮.২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর সরাসরি অথবা মোবাইলে নাম, ঠিকানা জমা দিতে হবে।

অধ্যক্ষ
মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ
১৫, ১ ইকবাল রোড, ঢাকা-১২০৭।

০২/০৮/২০২২
(মোহাম্মদ হামিদুর রহমান)
সহকারী পরিচালক
মোবাইল- ০১৭১৬১৫১৫৩৫

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১)-৭৭ তারিখ: ২৮/০৭/২০২২ খ্রি:

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

১। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২

ক) রচনা প্রতিযোগিতাঃ

ক্রমিক নম্বর	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বেগম ফজিলাতুন্নেছা মুজিব	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	১৫ আগস্ট : শোক থেকে শক্তি	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বঙ্গবন্ধুর অর্থনৈতিক উন্নয়ন ভাবনা	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতাঃ

ক্রমিক নম্বর	গ্রুপ	শ্রেণি	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ ৭ বছর	উন্মুক্ত
২.	খ	৮-১২ বছর	শোকাবহ আগস্ট
৩.	গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা ২২/০৮/২০২২ তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতা গণগ্রন্থাগার অধিদপ্তর ও বাংলাদেশ সার্ভিসেস লিঃ (বিএসএল) এর যৌথ উদ্যোগে ১৫/০৮/২০২২ তারিখ, বেলা ১২:০০ টায় হোটেল ইন্টারকন্টিনেন্টাল (সাবেক শেরাটন) এর নীচ তলায় বলরুমে, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলায় উক্ত তারিখে সুবিধাজনক সময়ে স্ব স্ব গ্রন্থাগার চত্বরে অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারীদের কার্টিজ পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যক।
২. রচনা ও চিত্রাংকনে অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, স্টুডেন্ট আইডি কার্ড (অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) এর পাশাপাশি চিত্রাংকনের ক্ষেত্রে জন্মসনদ এবং সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

২৮/৭/২০২২

(মোছাঃ মরিয়ম বেগম)
পরিচালক
(প্রশাসন ও হিসাব)
মোবাইল-০১৬৭১-১১৮৩৬৯